# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫. ২. ১০. গীতসংহিতার উদ্ধৃতিতে প্রেরিতের বিকৃতি

‘প্রেরিত’ পুস্তকের বর্ণনা অনুসারে পিতর এক বক্তৃতায় বলেন: হে ইসরাইলের লোকেরা, এসব কথা শোন। নাসরতীয় ঈসা কুদরতি-কাজ, অদ্ভুত লক্ষণ ও চিহ্নগুলো দ্বারা তোমাদের কাছে আল্লাহ কর্তৃক প্রমাণিত মানুষ (a man approved of God) ... আল্লাহ মৃত্যু-যন্ত্রণা থেকে মুক্ত করে তাঁকে উঠিয়েছেন; কেননা তাঁকে ধরে রাখবার সাধ্য মৃত্যুর ছিল না। কারণ দাউদ তাঁর বিষয়ে বলেন, ‘‘আমি প্রভুকে নিয়তই আমার সম্মুখে দেখতাম (I foresaw the Lord always before my face); কারণ তিনি আমার ডান পাশে আছেন, যেন আমি বিচলিত না হই। এজন্য আমার অন্তর আনন্দিত ও আমার জিহবা উল্লসিত হল; আবার আমার দেহও প্রত্যাশায় প্রবাস করবে (my flesh shall rest in hope); কারণ তুমি আমার প্রাণ পাতালে (hell: দোজখে) পরিত্যাগ করবে না (not leave my soul in hell), আর নিজের বিশ্বস্ত গোলামের ক্ষয় দেখতে দেবে না (thine Holy One to see corruption)।

ভাইয়েরা, সেই পিতৃকুলপতি দাউদের বিষয়ে আমি তোমদেরকে মুক্ত কণ্ঠে বলতে পারি যে, তিনি ইন্তেকাল করেছেন এবং তাঁকে দাফন করা হয়েছে, আর তাঁর কবর আজ পর্যন্ত আমাদের কাছে রয়েছে। ভাল, তিনি নবী ছিলেন এবং জানতেন, আল্লাহ কসম খেয়ে তাঁর কাছে এই শপথ করেছিলেন যে, তাঁর এক জন বংশধরকে তাঁর সিংহাসনে বসাবেন; অতএব দাউদ আগে থেকে দেখে মসীহেরই পুনরুত্থান বিষয়ে এই কথা বললেন যে, তাঁকে পাতালে (দোজখে) পরিত্যগও করা হয়নি, তাঁর দেহ ক্ষয়ও হয়নি (that his soul was not left in hell, neither his flesh did see corruption)। এই ঈসাকেই আল্লাহ উঠিয়েছেন, আমরা সকলেই এই বিষয়ের সাক্ষী।... কেননা দাউদ বেহেশতে যাননি, কিন্তু তিনি নিজে এই কথা বলেন, ‘প্রভু আমার প্রভুকে বললেন, তুমি আমার ডান দিকে বস (Sit thou on my right hand), যতদিন আমি তোমার দুশমনদেরকে, তোমার পায়ের তলায় না রাখি।’ অতএব ইসরাইলের সমস্ত কুল নিশ্চিত-ভাবে জানুক যে, যাঁকে তোমরা ক্রুশে দিয়েছিলে, আল্লাহ সেই ঈসাকেই প্রভু ও মসীহ উভয়ই (both Lord and Christ) করেছেন।’’ (প্রেরিত ২/২২-৩৬, মো.-১৩)

সম্মানিত পাঠক, পিতর এখানে কয়েকটা দাবি করেছেন:

(ক) দাউদ বলেছেন: ‘‘আমি প্রভুকে নিয়তই আমার সম্মুখে দেখতাম; কারণ তিনি আমার ডান পাশে আছেন’’। পিতর দাবি করেছেন যে, এ কথা দ্বারা দাউদ ‘যীশু’ কে বুঝিয়েছেন। কারণ যীশুকে ঈশ্বর ‘প্রভু’ ও ‘খৃস্ট’ উভয়ই করেছেন এবং তাঁকে তাঁর দক্ষিণে বসিয়েছেন। গীতসংহিতার অন্য বক্তব্য দ্বারা তিনি তা সমর্থন করেছেন।

(খ) দাউদ বলেছেন: ‘‘ আমার দেহও প্রত্যাশায় প্রবাস করবে’’। এ দ্বারা প্রমাণিত হয় যে, দাউদ মৃত্যবরণ করবেন এবং কবরে প্রত্যাশায় থাকবেন।

(গ) পিতর দাবি করেছেন যে, যীশু দাউদের ঔরসজাত বংশধর।

(ঘ) দাউদ বলেছেন: ‘‘তুমি আমার প্রাণ দোজখে পরিত্যাগ করবে না।’’ এ কথা থেকে পিতর বুঝেছেন যে, ঈশ্বর

তাঁর দেহ কবরে রাখবেন না।

(ঙ) পিতর দাবি করছেন যে, উপরের বাক্য দ্বারা দাউদ নিজেকে বোঝাননি, বরং তাঁর ঔরসজাত বংশধর যীশুকে বুঝিয়েছেন। দাউদ যেহেতু কবরেই রয়েছেন, সেহেতু তাঁর বিষয়ে এ কথা প্রয়োজ্য নয় যে, ঈশ্বর তাঁকে দোজখে পরিত্যাগ করবেন না। এজন্য এ কথা দাউদের ঔরসজাত যীশুর ক্ষেত্রেই প্রযোজ্য।

(চ) দাউদ বলেছেন: ‘‘আর নিজের বিশ্বস্ত গোলামের ক্ষয় দেখতে দেবে না।’’ পিতর দাবি করছেন এ কথা দ্বারা দাউদ মৃতদেহ না পচার কথা বলেছেন। আর তাঁর দাবি অনুসারে এটাও শুধু যীশুর ক্ষেত্রে প্রযোজ্য।

(ছ) দাউদ বলেছেন: ‘‘আমি প্রভুকে নিয়তই আমার সম্মুখে দেখতাম’’। এখানে দেখা (foresee) বলতে ‘পূর্ব হইতে দেখা’ বা আগাম দেখা বুঝিয়েছেন তিনি। তিনি ‘পূর্ব হইতে দেখিয়া’ খ্রিষ্টের পুনরুত্থানের কথা এখানে বলেছেন।

পিতর অথবা প্রেরিত পুস্তকের লেখক এখানে গীতসংহিতার বক্তব্যের শব্দ ও অর্থ উভয়ই বিকৃত করেছেন। গীতসংহিতার বক্তব্য ইংরেজি KSV, RSV ও ইহুদি বাইবেলে প্রায় একই। সামান্য কয়েকটা শব্দের পার্থক্য আছে। এখানে খ্রিষ্টধর্মীয় বাইবেলের ইংরেজি রিভাইজড স্টান্ডার্ড ভার্শন ও ইহুদিধর্মীয় হিব্রু বাইবেল (Jewish Bible/ Hebrew Bible)-এর ইংরেজি অনুবাদে[1] দাউদের বক্তবটা নিম্নরূপ:

I keep the LORD always before me; because (surely) He is at my right hand, I shall not be moved. Therefore my heart is glad, and my soul rejoices (glory rejoiceth); my body also dwells secure (my flesh also dwelleth in safety). For Thou dost not give me up to Sheol (not abandon my soul to nether-world/ not leave my soul in hell) neither wilt Thou suffer Thy godly one to see the pit.

কেরি এবং কিতাবুল মোকাদ্দস-২০১৩ সংস্করণের আলোকে বাংলা অনুবাদ নিম্নরূপ: ‘‘আমি সদাপ্রভুকে/ মাবুদকে নিয়ত সম্মুখে রেখেছি; তিনি তো আমার দক্ষিণে, আমি বিচলিত হব না। এজন্য আমার অন্তর আনন্দিত ও আমার গৌরব উল্লসিত হল; আমার দেহও নিরাপদে বাস করছে। কারণ তুমি আমার প্রাণ প্রেতলোকে/ পাতালে/ দোজখে পরিত্যাগ করবে না, তুমি নিজের বিশ্বস্ত গোলামকে গর্ত (কবর/ নরক) দেখতে দেবে না।’’ (গীতসংহিতা ১৬/৮-১০)

প্রথমেই আমরা দেখছি যে এখানে গীতসংহিতার বক্তব্য বিকৃত করা হয়েছে:

(ক) জাবুর বা গীতসংহিতার সদাপ্রভু (LORD) শব্দকে বিকৃত করে প্রভু (Lord) বানানো হয়েছে এবং এ বিকৃতির ভিত্তিতে এ বক্তব্যকে যীশুর ক্ষেত্রে প্রয়োগ করা হয়েছে। বাইবেলের সাথে পরিচিত সকলেই জানেন যে, LORD ও Lord মূলত God ও god-এর মতই। প্রথম শব্দটা শুধু ঈশ্বরের জন্য প্রযোজ্য। পক্ষান্তরে দ্বিতীয় শব্দ যে কোনো গুরু বা মালিকের জন্য প্রযোজ্য। বাইবেলের ইংরেজি অনুবাদে সবগুলো বড় হাতের অক্ষর (capital) দিয়ে লেখা LORD শব্দটা হিব্রু জিহোভা (Jehovah) শব্দের অনুবাদ, যার অর্থ বিশ্বজগতের প্রতিপালক ঈশ্বর (Greek: kurios)। শব্দটাকে কেরির অনুবাদে ‘সদাপ্রভু’ এবং কিতবুল মোকাদ্দসে ‘মাবুদ’ অনুবাদ করা হয়েছে। পক্ষান্তরে ‘Lord’ শব্দটা হিব্রুতে ‘adon: প্রভু বা মালিক। শব্দটা প্রভু বা মালিক অর্থে অকাতরে যে কোনো গুরু, নবী, শাসক, স্বামী ও অন্যদের জন্য বাইবেলের মধ্যে ব্যবহৃত হয়েছে।

(খ) গীতসংহিতার ‘রাখা’ (keep) শব্দকে পরিবর্তন করে ‘দেখা’ (foresee) বানানো হয়েছে এবং বর্তমানের ক্রিয়াকে অতীত বানানো হয়েছে। দাউদ বলেছেন যে, তিনি সর্বদা সর্বশক্তিমান ঈশ্বরকে নিজের সামনে রাখেন। সর্বদা তাঁরই উপর নির্ভর করে চলেন। পক্ষান্তরে পিতর বলছেন যে, দাউদ সর্বদা ‘যীশুকে সামনে দেখতেন’ অর্থাৎ তিনি অলৌকিক বা ভাববাদীয় দর্শনে ‘তাঁর প্রভু যীশুকে’ তাঁর সামনে দেখতেন।

(গ) গীতসংহিতার বক্তব্য: ‘‘আমার দেহও নিরাপদে বাস করছে (my body also dwells secure)’’। কিন্তু প্রেরিত পুস্তকে বাক্যটাকে বিকৃত করে বলা হয়েছে: ‘‘আমার মাংসও প্রত্যাশায় প্রবাস করিবে (my flesh shall rest in hope)। প্রথম বাক্যের সুস্পষ্ট অর্থ সর্বশক্তিমান ঈশ্বরের উপর নির্ভরতা ও তাঁর করুণার কারণে দাউদ দৈহিকভাবেই নিরাপদে বাস করছেন। পক্ষান্তরে দ্বিতীয় বাক্য ভবিষ্যতে মাংস বা দেহের প্রত্যাশাময় অপেক্ষা বুঝায়। যা থেকে প্রতীয়মান হয় দাউদ মৃত্যুর পরে কবরের প্রবাস জীবনে তাঁর এ ভবিষ্যদ্বাণী বাস্তবায়নের প্রত্যাশায় থাকবেন।

(ঘ) গীতসংহিতার বক্তব্য: ‘‘তুমি নিজ সাধুকে/ বিশ্বস্ত গোলামকে ‘গর্ত’ (pit) দেখতে দিবে না।’’ এখানে RSV ও ইহুদি বাইবেল ব্যবহৃত ইংরেজি শব্দ ‘pit’। শব্দটার মূল অর্থ গর্ত, মাটির গর্ত বা মৃত্তিকাগহবর। খন্দ, কূপ, খাদ, গহবর, নরক, কবর, পেট, খনিতে প্রবেশের সুড়ঙ্গ ইত্যাদি অর্থেও এটা ব্যবহৃত হয়। গীতসংহিতার এ কথাটার অর্থ ঈশ্বর তাঁর প্রিয় সাধুকে গর্তে ফেলবেন না। স্বাভাবিক ভাবে এর অর্থ তিনি তাঁকে বিপদে ফেলবেন না বা তাকে নরকে দিবেন না। প্রেরিত পুস্তকে এবং KSV-এর গীতসংহিতায় এর বদলে ‘corruption’ শব্দ ব্যবহার করা হয়েছে, যার অর্থ দুর্নীতি, দূষণ বা পচন। এটারও বাহ্যিক অর্থ দুর্নীতি, বিপদ বা ক্ষতি থেকে রক্ষা করা। প্রেরিত পুস্তকের ভাষ্য অনুসারে পিতর মূল শব্দটাকে পরিবর্তন করেছেন এবং পরিবর্তিত শব্দের স্বাভাবিক ও বাহ্যিক অর্থ পরিত্যাগ করে তিনি দাবি করেছেন যে, এর অর্থ ঈশ্বর তাঁর মৃতদেহকে পচতে দেবেন না! যদিও এখানে দেহ বা মাংসের কোনোই উল্লেখ নেই।

(ঙ) পিতর যীশুকে প্রভু ও দক্ষিণস্থ প্রমাণ করতে গীতসংহিতার ১১০ গীতের প্রথম চরণ উল্লেখ করেছেন: ‘‘প্রভু আমার প্রভুকে বললেন, তুমি আমার ডান দিকে বস, যতদিন আমি তোমার দুশমনদেরকে, তোমার পায়ের তলায় না রাখি।’’ পিতরের মতে, যেহেতু দাউদ স্বর্গারোহণ করেননি, সেহেতু ঈশ্বর তাঁকে তাঁর দক্ষিণ দিকে বসার কথা বলতে পারেন না। মূলত যীশুই স্বর্গারোহণ করেছেন এবং ঈশ্বর তাঁকে তাঁর ডান দিকে বসিয়েছেন। তাঁর এ ব্যাখ্যাটা বাহ্যিক অর্থের বিপরীত। ঈশ্বর যীশুর শত্রুদেরকে তাঁর পায়ের তলায় রাখেননি। তাঁর শত্রুরাই তাঁকে ক্রুশবিদ্ধ করেছে। তাঁর তিরোধানের পরেও ইহুদি জাতি তাঁর পায়ের তলায় থাকেনি। বরং যীশুর অনুসারীরাই ক্রমান্বয়ে ইহুদিদের পায়ের তলায় গিয়েছেন। নিশ্চিতভাবেই এটা দাউদের জন্যই বলা। এ গীতের অর্থ: ঈশ্বর রাজা দাউদকে বললেন, তুমি আমার দক্ষিণ হস্তের, অর্থাৎ আমার তত্ত্বাবধান ও রক্ষণাবেক্ষণের মধ্যে থেকে যুদ্ধ চালিয়ে যাও, শেষ পর্যন্ত আমি তোমাকে শত্রুদের উপর বিজয় দিব।’’ দাউদ নিজেই নিজের কথা এভাবে বলেছেন। অথবা তাঁর উম্মাত-ভক্তরা তাঁকে বুঝাতে ‘প্রভু’ শব্দ ব্যবহার করেছেন। আমরা আগেই বলেছি যে, বাইবেলের পরিভাষায় রাজাকে ‘প্রভ’ু (Lord) বলা হয়।

(চ) এভাবে লেখক গীতসংহিতার বক্তব্য শব্দ ও অর্থ উভয় দিক থেকে বহুভাবে বিকৃত করে উপস্থাপন করেছেন এবং এ বিকৃতির মাধ্যমে তাঁর বিশ্বাস প্রমাণ করেছেন। এখানে আরো লক্ষণীয় যে, তিনি কোনোরূপ শব্দগত, অর্থগত ও প্রাসঙ্গিক প্রমাণ বা ইঙ্গিত ছাড়াই দাউদের জন্য কথিত বক্তব্যকে ‘দাউদের ঔরসজাত’ কোনো এক উত্তর পুরুষের জন্য বলা হয়েছে বলে দাবি করেছেন। বিষয়টা একেবারেই অগ্রহণযোগ্য।

(ছ) পিতর যীশুকে দাউদের 'ঔরসজাত' বলে দাবি করেছেন। আমরা দেখেছি যে, এ দাবি সম্পূর্ণভাবে ভিত্তিহীন। পিতর, পল ও প্রেরিতদের পত্রাবলি থেকে প্রতীয়মান হয় যে, তাঁরা যীশুর অলৌকিক জন্ম সম্পর্কে কিছুই জানতেন না। তাঁরা তাঁকে সূত্রধর যোষেফের ঔরসজাত সন্তান বলে বিশ্বাস করতেন। এ বিশ্বাস থেকেই তাঁরা তাঁকে দাউদের ঔরসজাত সন্তান বলে বিশ্বাস করতেন। আমরা দেখেছি যে, তিনি যোষেফের ঔরসজাত সন্তান নন এবং তাঁর মাতা মেরি দাউদের বংশধর ছিলেন না।

## ফুটনোট

[1] http://www.mechon-mamre.org/p/pt/pt2616.htm

Source — https://www.hadithbd.com/books/link/?id=14218

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন